দৈনিক জনকণ্ঠ

তারিখ: 29 AUG 2017
পৃষ্ঠা: ৩ কলাম: ৬

মেডিক্যালে ভর্তি

# রিটের শুনানি ১১ সেপ্টেম্বর

**স্টাফ রিপোর্টার ॥** মেডিক্যালে ভর্তি পরীক্ষায় দ্বিতীয়বার অংশগ্রহণকারী শিক্ষার্থীদের ৫ নম্বর কেটে নেয়ার সিদ্ধান্ত বাতিল চেয়ে করা রিট আবেদনের শুনানি ১১ সেপ্টেম্বর পর্যন্ত মুলতবি করেছেন হাইকোর্ট। অন্যদিকে ফেরদৌস আহমেদ কোরেশীর নেতৃত্বাধীন পিডিপির (প্রগ্রেসিভ ডেমোক্রেটিক পার্টি) কার্যক্রমের বৈধতা দিয়ে নির্বাচন কমিশনের দেয়া চিঠি কেন বেআইনী ঘোষণা করা হবে না তা জানতে চেয়ে রুল জারি করেছেন হাইকোর্ট। সোমবার বিচারপতি এম. ইনায়েতুর রহিম ও বিচারপতি মোঃ জাহাঙ্গীর হোসেনের সমন্বয়ে গঠিত হাইকোর্টের দ্বৈত বেঞ্চ এ আদেশ দেন। মামলা দুটির পক্ষে শুনানি করেন আইনজীবী ড. ইউনুস আলী আকন্দ।

ড্যাটাবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.....
তারিখ.....

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিস্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে